**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 25 August 2025** **TIME: 7:35 AM**

---

রাজ্যের প্রায় ৪০ লক্ষ মহিলা আত্ম-সহায়ক গোষ্ঠীর মাধ্যমে নিজেদের উপার্জনের ক্ষেত্রে সক্রিয় রেখেছেন বলে মুখ্যমন্ত্রী ডক্টর ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । গতকাল তিনসুকিয়া জেলার মার্ঘেরিটা দিহিং ক্রীড়া প্রকল্পে মুখ্যমন্ত্রী উদ্যোমিতা অভিযানের দ্বিতীয় পর্য্যায়ের অর্থ বন্টন করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা একথা বলেন । সভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা রাজ্যের মহিলাদের আর্থিক সাবলম্বী করনের লক্ষ্যে গ্রহন করা পদক্ষেপ সর্ম্পকে আরো বলেন যে রাজ্যের চার লক্ষ আত্ম সহায়ক গোষ্ঠী শহর ও গ্রমাঞ্চলে মহিলাদের বিকাশে কাজ করে যাচ্ছে ।

---

জীবনে রক্তদান একটি মহৎ কর্ম । এটি জীবন বাঁচানোর প্রতিশ্রুতি, যা মানবতার সত্যিকারের পরিচায়ক । জীবনের প্রকৃত অর্থ আর্তজনের সেবায় নিহিত রয়েছে । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য গতকাল শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রম ঘুরে আসার পর শিলচর রেডক্রস হাসপাতালে রক্তদান শিবিরের সূচনা করে বলেন যে- স্বামী বিবেকানন্দ আর্তজন এবং অসহায় লোকের সেবাকে জীবনের লক্ষ্য হিসেবে গ্রহণ করার কথা বলে গেছেন । রেডক্রস সোসাইটি সেই মহান উদ্দেশ্য নিয়ে কাজ করে আসছে । রক্তদান থেকে শুরু করে চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে সমাজকল্যাণে রেডক্রসের অবদান অনস্বীকার্য বলে রাজ্যপাল মন্তব্য করেন । রেডক্রস মতো প্রতিষ্ঠানের জন্য রাজ্য সরকার সবধরণের সহযোগিতা করবে বলেও শ্রীআচার্য্য উল্লেখ করেন ।

পরে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে রাজ্যপাল বলেন যে- রেডক্রস সোসাইটির মূল উদ্দেশ্য হচ্ছে মানবতার সেবা করা, যা তারা নিঃস্বার্থভাবে করে আসছে । তিনি রেডক্রস সোসাইটির শিলচর শাখার কাজকর্মের ভূয়সী প্রশংসা করে বলেন ।

#বাইট#

এই সভায় সোসাইটির শিলচর শাখার সদস্য দেবীপ্রসাদ আচার্য, শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী, জেলা আয়ুক্ত মৃদুল যাদব প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

কেন্দ্রীয় বস্ত্র এবং বৈদেশিক পরিক্রমা বিভাগের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা উত্তর-পূর্বাঞ্চলে এড়ী পালনের ওপর গুরুত্ব আরোপ করা সহ এড়ী এবং মূগার উৎপাদন বৃদ্ধি করার প্রয়াস চালানোর আহ্বান জানান । গতকাল কোকরাঝার জেলার আদাবারীর বড়োলেণ্ড রেশম উদ্যানে একটি এড়ী সূতা কাটার কল উদ্বোধন করে তিনি এই আহ্বান জানান। উত্তর-পূর্বাঞ্চল বস্ত্রশিল্প উন্নয়ন প্রকল্পের অধীনে এই কলটি স্থাপন করা হয়েছে । এই এড়ী উৎপাদন কলটি অঞ্চলটির হস্ততাঁত ও বস্ত্র ক্ষেত্রে বিশেষ অবদান যোগাবে বলে মন্ত্রী শ্রী মার্ঘেরিটা আশা প্রকাশ করেন ।

---

শিলচর মহকুমা কল্যাণ বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের জন্য সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রথম থেকে অষ্টম শ্রেণীর তপশিলি জাতিভুক্ত শিক্ষার্থীদের প্রি-ম্যাট্রিক বৃত্তির জন্য আবেদন পত্র আহ্বান করা হয়েছে ।
শিক্ষার্থীর অভিভাবকের বাৎসরিক আয় আড়াই লক্ষ টাকার কম থাকতে হবে । আবেদনের জন্য শিক্ষার্থীরা সরকারী ওয়েব সাইট directorwsc.assam.gov.in থেকে আবেদন পত্র ডাউনলোড করতে পারবেন । আগামী ৫ই অক্টোবরের মধ্যে আবেদন করা যাবে ।

---

শ্রীভূমি জেলার খাদ্য ,গনবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে জেলায় আগামী জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর মাসের পি এম পোষনের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে শিক্ষা সেতু অ্যাপের উপস্থিতি অনুসারে ছাত্র-ছাত্রী পিছু দৈনিক ক শ্রেণী ও নিম্ন প্রাথমিক পর্যায়ে একশ গ্রাম এবং উচ্চ প্রাথমিক পর্যায়ে ১৫০ গ্রাম করে চাল বরাদ্দ করা হয়েছে । এই চাল জি পি এস এস এবং ডব্লিউ সি সি এস নমিনিদের ৩১শে আগষ্টের মধ্যে ভারতীয় খাদ্য নিগম থেকে চাল সংগ্রহ করতে ও বিতরনের স্থিতি জানাতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

টেনিস ক্লাব শিলচরের উদ্যোগে আজ থেকে শিলচরে আন্তর্জাতিক টেনিস প্রতিযোগীতা শুরু হচ্ছে । শিলচর টেনিস ক্লাবে আয়োজিত টেনিস ফেডারেশন মাস্টার ১০০ শীর্ষক এই প্রতিযোগীতা আগামী ২৯ শে আগষ্ট পর্য্যন্ত চলবে । এতে দেশের বিভিন্ন রাজ্য সহ অন্য দুটি দেশের ১০০ 'র বেশী প্রতিযোগী অংশগ্রহণ করছে । তারা ম্যান সিঙ্গলস , ম্যান ডাবলস , লেডিস ডাবলস , মিকসড ডাবলস ক্যাটাগরিতে অংশ নেবে ।

---

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় নতুন বাজারের অঞ্জলি এফ সি ও জামালপুর এফ সি পরস্পরের মুখোমুখি হবে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের খেলায় ভাগা এফ সি ৬-২ গোলের ব্যবধানে আব্রা স্টিল ইসলামাবাদ দলকে পরাজিত করে কোয়াটার ফাইনালে প্রবেশ করে । গতকালের খেলায় ভাগা এফ সি দলের হয়ে নুন্টিয়া তিনটি গোল করেন ।

---